**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 24.03.2025** **Desk in Charge : SDG**

**Time : 7-35 AM** **Compiling & NR: S.BASU**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ RG KAR মেডিকেল কলেজ হাসপাতালের নিহত চিকিৎসক ছাত্রীর বাবা-মায়ের আবেদনের ভিত্তিতে কলকাতা হাইকোর্টে আজ শুনানি হতে পারে।

২/ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের সঙ্গে যুক্ত স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের ক্ষমতায়নে রাজ্য সরকার সর্বাধিক চল্লিশ হাজার টাকা ঋণ দেবে।

৩/ লন্ডন সফরে আজ ভারতীয় হাইকমিশনে একটি অনুষ্ঠানে যোগ দেবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ।

৪/ হাওড়ার বেলগাছিয়া ভাগাড়ে ধসজনিত পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে বলে জানিয়েছে প্রশাসন। # জল সরবরাহ ব্যবস্থা দ্রুত স্বাভাবিক করার চেষ্টা চলছে।

৫/ আজ আন্তর্জাতিক যক্ষ্মা দিবস। এই উপলক্ষ্যে নানা সচেতনতা কর্মসূচীর আয়োজন করা হয়েছে।

৬/ উত্তর ও দক্ষিণবঙ্গ সহ রাজ্যের সর্বত্রই আজ থেকে গরম বাড়বে।

***********************************************************************

RG KAR মেডিকেল কলেজ হাসপাতালের নিহত চিকিৎসক-ছাত্রীর বাবা-মায়ের আবেদনের ভিত্তিতে আজ কলকাতা হাইকোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে এই মামলার শুনানি হবে। ওই PGT চিকিৎসকের ধর্ষণ এবং খুনের ঘটনার ফের তদন্তের আর্জি নিয়ে গত বৃহস্পতিবার হাইকোর্টের দ্বারস্থ হয়েছিল নির্যাতিতার পরিবার। এই মামলার বিষয়ে অভয়ার বাবা জানিয়েছেন-

( বাইট- অভয়ার বাবা)

উল্লেখ্য, CBI-এর চার্জশিটে দোষী হিসেবে সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের নাম উল্লেখ ছিল। যদিও মৃতার পরিবারের দাবি, সঞ্জয় ছাড়াও ওই ঘটনায় আরো অনেকে জড়িত। CBI তদন্তে অনাস্থা প্রকাশ করে ফের তদন্তের আর্জি জানিয়ে তারা হাইকোর্টের দ্বারস্থ হন। তবে এই সংক্রান্ত মূল মামলাটি যেহেতু সুপ্রিম কোর্টের বিচারাধীন, তাই শীর্ষ আদালতের অনুমতি ছাড়া মামলা শুনতে চায়নি হাইকোর্ট। নির্যাতিতার পরিবার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হলে সেখান থেকে হাইকোর্টকে মামলা শোনার অনুমতি দেওয়া হয়।

এর আগে শিয়ালদহ আদালত দোষী সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের আমৃত্যু কারাদণ্ডের আদেশ দিয়েছে। কিন্তু তার সর্বোচ্চ সাজা অর্থাৎ মৃত্যুদণ্ড চেয়ে রাজ্য সরকার এবং CBI হাইকোর্টে গিয়েছিল। CBI-এর আর্জি গ্রহণযোগ্য বলে জানায় হাইকোর্ট।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের নেতৃত্বে গতকাল তিলোত্তমা হত্যার প্রতিবাদে উত্তর ২৪ পরগণার পানিহাটিতে মিছিল বের হয়। শ্রী মজুমদার অভিযোগ করেন, এই খুনের তথ্য প্রমাণ লোপাটে যারা মূল ভূমিকা পালন করেছিলেন, তাদের মধ্যে অন্যতম পানিহাটির কাউন্সিলার সোমনাথ দে। তাকে চেয়ারম্যান মনোনীত কোরে মুখ্যমন্ত্রী ন্যায়বিচারের জন্য রাস্তায় নামা বাংলার মানুষকে বিদ্রূপ করেছেন।

(বাইট- সুকান্ত মজুমদার )

*********************

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্পের সঙ্গে যুক্ত স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের আত্মনির্ভর করে তুলতে রাজ্য সরকার এবার তাদের ঋণ দেবে। উদ্যানপালন দফতরের তরফ থেকে এই প্রথম এধরণের উদ্যোগ নেওয়া হচ্ছে।

'প্রধানমন্ত্রী ফরমালাইজেশন অব মাইক্রো ফুড প্রসেসিং এন্টারপ্রাইজ' নামের একটি কেন্দ্রীয় প্রকল্পের আওতায় একজন মহিলা সর্বাধিক ৪০ হাজার টাকা মূলধন বা সিড ক্যাপিটাল হিসেবে ঋণ পাবেন। এজন্য তাদের নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন করতে হবে। যে সব আবেদন মঞ্জুর হবে, প্রকল্পটির মাধ্যমে সেই মতো আর্থিক অনুমোদন দেবে উদ্যানপালন দপ্তর।

********************

লন্ডন সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ভারতীয় হাইকমিশনে একটি অনুষ্ঠানে যোগ দেবেন।

মুখ্য সচিব মনোজ পন্থ, শিল্প সচিব বন্দনা যাদব ছাড়াও তার সঙ্গে রয়েছেন মুখ্যমন্ত্রীর নিরাপত্তা প্রধান পীযূষ পান্ডে, প্রিন্সিপাল সচিব গৌতম সান্যাল এবং রাজ্য পরিবহন নিগমের কয়েকজন আধিকারিক। গতকাল দুপুর সাড়ে বারোটা নাগাদ মুখ্যমন্ত্রী লন্ডনে পৌঁছেছেন। সেখানে পৌঁছে আগামী কয়েক দিনের কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী, আধিকারিকদের সঙ্গে প্রস্তুতি বৈঠক করেন।

আগামী বৃহস্পতিবার অক্সফোর্ডের কেলগ কলেজে তাঁর ভাষণ দেওয়ার কর্মসূচী রয়েছে। বিষয় সামাজিক উন্নয়ন। শুক্রবার তিনি লন্ডন থেকে দুবাই হয়ে কলকাতার উদ্দেশে রওনা দেবেন।

********************

রাজ্যের মানুষ আগামী বিধানসভা নির্বাচনে সরকার পরিবর্তনের জন্য প্রস্তুত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। হাইকোর্টের অনুমতি নিয়ে গতকাল পূর্ব মেদিনীপুরের হলদিয়ায়, সনাতনীদের ওপর আক্রমণের বিরুদ্ধে এক প্রতিবাদ মিছিলের নেতৃত্ব দেন তিনি। মিছিল শেষে মঞ্জুশ্রী মোড়ে এক সভায় শুভেন্দুবাবু বলেন,

রাজ্যে শাসকদলের মদতে ছাপ্পা ভোট এখন অভ্যাসে দাঁড়িয়েছে। তোষণের রাজনীতির অভিযোগ তুলে তিনি বলেন, নিজেরা ঐক্যবদ্ধ হলেই সরকার পরিবর্তন সম্ভব হবে।

********************

রাজ্যের শাসক দল রাজনীতি বন্ধ করলেই দেউচা পাচামিতে কাজ শুরু হওয়া সম্ভব বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বিজেপি নেতা সতীশচন্দ্র দুবে মন্তব্য করেছেন।

'বিহার দিবস' উদযাপন উপলক্ষে শ্রী দুবে সারাদেশে ৭৫টি স্থান পরিদর্শন করছেন। গতকাল কলকাতায় দলীয় কর্মীদের সঙ্গে বৈঠক করেন তিনি।

********************

'বাংলা আবাস যোজনা'র প্রথম কিস্তির টাকা নিয়ে কাটমানির অভিযোগের মধ্যেই, পূর্ব বর্ধমানের আউশগ্রামে এবার দ্বিতীয় কিস্তির জন্য উপভোক্তার কাছ থেকে টাকা দাবীর অভিযোগ উঠেছে। উক্তা গ্রাম পঞ্চায়েতের ডাঙ্গাল গ্রামে এক মহিলা পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে কাটমানি চাওয়ার অভিযোগ জানিয়েছেন বিডিও-র কাছে। নিভা পাল নামে ওই মহিলা জানিয়েছেন, প্রশাসনের এক প্রতিনিধি গত বুধবার আবাস প্রকল্পে তাঁর নির্মীয়মাণ বাড়ির ছবি তুলতে গেলে, পঞ্চায়েত সদস্য বিল্লু মাঝি বাধা দেয়। তিন হাজার টাকা না দিলে ছবি তোলা যাবে না বলে জানায় ওই ব্যক্তি।

বিজেপি এই ঘটনার তীব্র নিন্দা করেছে। অন্যদিকে, অভিযোগ ভিত্তিহীন বলে দাবী করেছেন ওই পঞ্চায়েত সদস্য।

********************

ছাত্র সংসদ নির্বাচন সহ একাধিক দাবি সম্পর্কে কোনো সদুত্তর না পাওয়ায় প্রেসিডেন্সি বিশ্ব বিদ্যালয়ের বাম ছাত্র সংগঠন SFI-এর পড়ুয়ারা এখনও তাঁদের অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন।

আজ দুপুর সাড়ে তিনটায় SFI-এর প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় ইউনিট একটি মিছিলের ডাক দিয়েছে। আয়োজন করা হবে সাধারণ সভার বৈঠকও। ক্যাম্পাসে ছাত্র সংসদ নির্বাচন না হওয়ার ফলে অগণতান্ত্রিক পরিবেশ সৃষ্টি হয়েছে বলে SFI নেতৃবৃন্দের দাবি।

*********************

হাওড়ার বেলগাছিয়ায় ভাগাড়ে ধস নেমে জলের পাইপ ফেটে যাওয়ার পর চার দিন কেটে গেলেও বিস্তীর্ণ এলাকা বিদ্যুৎবিহীন। একইসঙ্গে রয়েছে তীব্র জলকষ্ট। শালকিয়া সহ অন্যান্য কয়েকটি ওয়ার্ডে সন্ধ্যার পর থেকে পরিষেবা স্বাভাবিক হয়েছে বলে জেলাশাসক ডক্টর পি দীপাপ প্রিয়া জানিয়েছেন।

গতসন্ধ্যায় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এক বিশেষজ্ঞ দল, স্থানীয় সাসংদ বিধায়ক এবং প্রশাসনিক কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে বসেন জেলাশাসক। তিনি বলেন, বিশেষজ্ঞদের পরামর্শ মত বর্জ্য ফেলার কারণে তৈরি হওয়া চাপ কমানোর জন্য কাজ শুরু হবে।

(বাইট- দীপাপ প্রিয়া )

*********************

আজ ২৪'শে মার্চ- আন্তর্জাতিক যক্ষ্মা দিবস। ১৮৮২ সালে ২৪ শে মার্চ বিজ্ঞানী রবার্ট কক যক্ষ্মার জীবাণু আবিষ্কার করেছিলেন। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীন রাজ্য টিবি সেলের সিনিয়র মেডিক্যাল অফিসার ডাক্তার স্বপ্না মুখোপাধ্যায় আকাশবাণীকে জানান, সরকার ২০২৫ সালের মধ্যে ভারত থেকে যক্ষ্মা নির্মুলীকরণের লক্ষ্যমাত্রা রেখেছে।

( বাইট- Dr স্বপ্না মুখোপাধ্যায় অন টিবি )

কেন্দ্র, যক্ষ্মা নির্মূলীকরণে সরকার ১০০ দিনের বিশেষ কর্মসূচি হাতে নেয়। সারা দেশের সঙ্গে - কলকাতা, উত্তর ২৪ পরগনা, মালদা, দক্ষিণ দিনাজপুর, কালিম্পং সহ রাজ্যের ১৯টি জেলায় চলে এই অভিযান। রাজ্যে ২০ হাজারেরও বেশি যক্ষ্মা রোগীর সন্ধান পাওয়া গেছে ।

*********************

বালিগঞ্জ-টালিগঞ্জ-সহ শহরের বিভিন্ন বন্ধ রুটে ফের ট্রাম চালুর দাবিতে গতকাল কলকাতায় মিছিল করে ট্রামপ্রেমীদের সংগঠন।

গত বছর পয়লা আগস্ট থেকে পাইপ লাইনের কাজের জন্য ২৪/29 রুটের বালিগঞ্জ থেকে টালিগঞ্জ পর্যন্ত ট্রাম পরিষেবা বন্ধ করা হয়। ১৫ দিনের মধ্যে কাজ শেষ করে পরিষেবা চালুর করার কথা বলা হলেও এখনো পর্যন্ত ওই রুটে ট্রাম চালু করা হচ্ছে না বলে দাবি কলকাতা ট্রাম ইউজার্স অ্যাসোসিয়েশনের।

গতকাল বিকেলে বালিগঞ্জ টার্মিনাসে প্রতিবাদ কর্মসূচির পর সেখান থেকে রাসবিহারী মোড় পর্যন্ত মিছিল করেন ট্রামপ্রেমীরা।

*********************

রাজ্যের সর্বত্রই আজ থেকে গরম বাড়বে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে জানানো হয়েছে, উত্তর ও দক্ষিণের জেলাগুলিতে আবহাওয়া শুষ্ক থাকবে। আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন যে, কলকাতা ও সংলগ্ন এলাকাতেও একইরকম আবহাওয়া থাকবে।

( বাইট- অন্বেষা ভট্টাচার্য )

আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২২.১ ডিগ্রী সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রী কম। সর্ব্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রীর আশেপাশে থাকার সম্ভাবনা।

*********************

বিশ্ব আবহাওয়া সংগঠন দিবসে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- 'হাওয়া মোরগ' । আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।

অনুষ্ঠানটির দ্বিতীয় পর্ব শোনা যাবে আগামী মঙ্গলবার সঞ্চয়িতায় রাত সাড়ে ৮'টায়। এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।

*********************

মোহনবাগান, কলকাতা প্রিমিয়ার হকি লীগে চ্যাম্পিয়ন হয়েছে। হাওড়ার ডুমুরজলার অ্যাস্ট্রো টার্ফ হকি মাঠে গতকাল ফাইনালে মোহনবাগান ৩-১ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে।

মোহনবাগানের পক্ষে অর্জুন শর্মা, এস কার্তিক, রাহুল মউসিন গোল করেছেন। ইস্টবেঙ্গলের জামির একটি গোল শোধ করেন। মোহনবাগানের অভ্রণ সুদেভ সর্বাধিক গোলদাতার পুরস্কার পেয়েছেন। তিনি সাতটি গোল করেছেন। ইস্টবেঙ্গলের অতুল দীপ লীগে সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন।

**********************************************************************